



তথ্যবিবরণী

নম্বর: ০৩

## নবযোগদানকৃত ময়মনসিংহ বিভাগীয় কমিশনারকে ফুলেল শুভেচ্ছা প্রদান ও মতবিনিময় সভা অনুষ্ঠিত

ময়মনসিংহ (১৭ জুলাই, ২০২৩ খ্রি.):

আজ ময়মনসিংহ বিভাগীয় কমিশনার কার্যালয়ের সম্মেলন কক্ষে ময়মনসিংহের নতুন বিভাগীয় কমিশনার উম্মে সালমা তানজিয়ার সাথে বিভাগীয় দপ্তর প্রধানগণের পরিচিতি ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় নবযোগদানকৃত বিভাগীয় কমিশনারকে দপ্তরপ্রধানগণের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা প্রদান করা হয়।

জনাব উম্মে সালমা তানজিয়া ময়মনসিংহ বিভাগের ৬ষ্ঠ বিভাগীয় কমিশনার হিসেবে ১৩ জুলাই, ২০২৩ খ্রি. তারিখে যোগদান করেন। তিনি বিসিএস প্রশাসন ক্যাডারের ১৭তম ব্যাচের কর্মকর্তা। ১৮২৯ সালে বিভাগীয় কমিশনারের পদ সৃষ্টির পর থেকে ২য় নারী বিভাগীয় কমিশনার হিসেবে তিনি যোগদান করলেন। ময়মনসিংহে যোগদানের পূর্বে তিনি পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরে অতিরিক্ত মহাপরিচালক হিসেবে কর্মরত ছিলেন। কর্মজীবনে তিনি শ্রেষ্ঠ জেলা প্রশাসকের পুরস্কার লাভ করেছেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগে পড়াশোনা করেছেন। ব্যক্তিগত জীবনে তাঁর লেখালেখি করার অভ্যাস রয়েছে।

মতবিনিময়কালে বিভাগীয় কমিশনার দপ্তর প্রধানগণের উদ্দেশ্যে বলেন, নতুন এবং গ্রোয়িং ডিভিশন হিসেবে ময়মনসিংহে প্রচুর কাজ করার আছে। পূর্ণাঙ্গ এবং পরিকল্পিত বিভাগ হিসেবে ময়মনসিংহকে সারা বাংলাদেশের কাছে তুলে ধরতে সকলের সমন্বয়ে কাজ করতে হবে। আমিত্ব নয়, সবার সমন্বয়ে, ঐকান্তিক প্রচেষ্টার মধ্য দিয়ে এগিয়ে যেতে হবে। বিভাগের ভাগ্যবিড়ম্বিতদের ভাগ্যোন্নয়নে কতটুকু কাজ করা গেছে, তা চিন্তা করতে হবে। গুরুত্বপূর্ণ পদপ্রাপ্তির আত্মপ্রাধা থাকতে পারে, কিন্তু অহংকারী হওয়া যাবে না। সময়কে যথাযথভাবে কাজে লাগাতে হবে। সেবা দিয়েই সাধারণের কাছে আসার চেষ্টা করতে হবে।

নতুন বিভাগ হিসেবে বিভাগীয় বিভিন্ন অফিসগুলোর নানা সমস্যা থাকতে পারে উল্লেখ করে তিনি এসব সমস্যা সমাধানের চেষ্টা করবেন বলে জানান। সুষ্ঠুভাবে দায়িত্ব পালনের জন্য তিনি দপ্তরপ্রধানগণের সহযোগিতা কামনা করেন।

সভায় বিভিন্ন দপ্তরের প্রধানগণ নতুন বিভাগীয় কমিশনারের প্রতি শুভেচ্ছাসূচক বক্তব্য প্রদান করেন। এসময় ময়মনসিংহে দায়িত্ব পালনকালে নিজ নিজ দপ্তরের চ্যালেঞ্জগুলোর কথা উল্লেখ করেন। ডেপুটি মোকাবেলায় ময়মনসিংহ সিটি কর্পোরেশনের অবস্থান তুলে ধরেন সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা ইউসুফ আলী। বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের তত্ত্বাবধায়ক প্রকৌশলী এ কে এম জসীম উদ্দীন ময়মনসিংহ বিভাগে সিস্টেম লস রয়েছে উল্লেখ করে এ বিষয়ে কাজ করা হচ্ছে বলে জানান। এছাড়া স্বাস্থ্য, বন, মাদক, খাদ্য, শিক্ষাসহ ময়মনসিংহের বিভিন্ন দপ্তরের প্রধানগণ নিজ দপ্তরের চ্যালেঞ্জ ও কর্মপরিকল্পনার কথা বিভাগীয় কমিশনারকে জানান।

ময়মনসিংহ রেঞ্জের ডিআইজি দেবদাস ভট্টাচার্য্য নতুন বিভাগীয় কমিশনার প্রচলিত ধারার বাইরে চিন্তা করতে সক্ষম বলে মন্তব্য করেন। তিনি বলেন, দেশ ও ব্যক্তিস্বার্থের উর্ধ্বে উঠে উনার নেতৃত্বে কাজ করা যাবে। সেক্টর কমান্ডার লে. কর্নেল মো. ইসমাইল হোসেন ময়মনসিংহ অঞ্চলের বর্ডারকে নিরাপদ রাখতে বর্ডার গার্ড কাজ করে চলেছে বলে জানান।

সভায় অন্যান্যদের মধ্যে পরিবেশ অধিদপ্তরের পরিচালক দিলরুবা আহমেদ, আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা মো. বেলায়েত হোসেন চৌধুরী, এনএসআইয়ের বিভাগীয় প্রধান সুফিয়া বেগম, র‍্যাং-১৪ এর অতিরিক্ত ডিআইজি মোহাম্মদ মহিবুল ইসলাম খান প্রমুখ উপস্থিত ছিলেন।

#